১৪/১১/২০০১

তারিখ ............

পৃষ্ঠা ৩ কলাম ... ৫ ......

দৈনিক ইনকিলাব



জোবায়দা রব ফাউন্ডেশনের দলিল হস্তান্তর করেন জোবায়দা রব (মাঝে), পাশে উপবিষ্ট তার কন্যা স্থপতি শাহানা খান

# বাংলাদেশ মেডিকেল কলেজে জোবায়দা রব ফাউন্ডেশন প্রতিষ্ঠা

**স্টাফ রিপোর্টার ঃ** বাংলাদেশ মেডিকেল কলেজ হাসপাতালে গতকাল প্রায় সোয়া ৩ কোটি টাকার সম্পত্তি নিয়ে জোবায়দা রব ফাউন্ডেশন প্রতিষ্ঠা করা হয়েছে। সাবেক পাকিস্তান সরকারের বাণিজ্য সচিব এবং ন্যাশনাল পে কমিশনের চেয়ারম্যান মরহুম আবদুর রবের স্ত্রী জোবায়দা রব বাংলাদেশ মেডিকেল কলেজ হাসপাতালের জন্য এই ফাউন্ডেশন স্থাপন করেছেন। জোবায়দা রব ফাউন্ডেশন নামে প্রতিষ্ঠিত এই ফাউন্ডেশনে বেগম রব নগদ ১০ লাখ টাকাসহ ইস্কাটন গার্ডেন রোডের ১০টি এপার্টমেন্ট দান করেছেন। এই এপার্টমেন্টগুলোর বর্তমান বাজার মূল্য ৩ কোটি টাকা। এপার্টমেন্টগুলো বিক্রি করে প্রাপ্ত অর্থ জোবায়দা রব ট্রাস্ট ফান্ডে জমা করা হবে।

বাংলাদেশ মেডিকেল কলেজ হাসপাতালের দরিদ্র ও দুস্থ রোগীদের বিনামূল্যে চিকিৎসা, খাদ্য, রোগ নির্ণয় এবং অন্যান্য কল্যাণমূলক কাজে এই অর্থ ব্যয় করা হবে বলে হাসপাতালের কর্মকর্তারা জানিয়েছেন। এই ট্রাস্টের জন্য প্রয়োজনীয় দলিলপত্র ইতোমধ্যে স্বাক্ষরিত হয়েছে। এ ফাউন্ডেশনের নামে এখন থেকে অন্যান্য ব্যক্তি, সংস্থা ও সরকারের পক্ষ থেকে প্রদত্ত আরও উপহার এবং চাঁদা গ্রহণ করা হবে বলে কর্মকর্তারা জানান। ফাউন্ডেশনের নামে উক্ত হাসপাতালে ইতোমধ্যে দু'টি বিনামূল্যের বেড স্থাপন করা হয়েছে। ফাউন্ডেশনের বর্ধিত আয় দিয়ে পরে বিনামূল্যের ওয়ার্ড প্রতিষ্ঠার পরিকল্পনা কর্তৃপক্ষের রয়েছে। গতকাল ধানমন্ডিতে বাংলাদেশ কলেজ হাসপাতাল ভবনে এক অনাড়ম্বর অনুষ্ঠানে ফাউনেন্ডশনের কার্যক্রমের সূচনা করা হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত সাংবাদিকদের সাথে আলাপকালে ৯৩ বছর বয়স্ক জোবায়দা রব জানান, দরিদ্র ও দুস্থ মানুষের কল্যাণ কামনাই তার এ ফাউন্ডেশন প্রতিষ্ঠার নেপথ্যের প্রেরণা।